

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 27-11-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর:-

- ১) স্কুল সার্ভিস কমিশন, সুপ্রিম কোর্টের নির্দেশে ২০১৬-র টেন্ডেড বা অযোগ্য প্রার্থীদের পূর্ণাঙ্গ নামের তালিকা প্রকাশ করেছে। এতে একহাজার ৮০৬ জনের নাম রয়েছে।
- ২) রাজ্যে আগামী বিধানসভা নির্বাচনের জন্য ৮ জেলার ১০-টি স্থানে ইভিএম ও ভিভিপ্যাটের ফাস্ট লেভেল চেকিং - প্রক্রিয়া আজ শুরু হয়েছে।
- ৩) রাজ্য পুলিশে বড় ধরনের রদ বদল। এক নির্দেশিকায় জানানো হয়েছে দশজন পুলিশ সুপারকে পরিবর্তন ও ২১ জন আই পি এস এর দায়িত্ব বদল হয়েছে।
- ৪) জল জীবন মিশন প্রকল্পে অর্থ মঞ্জুরীর ক্ষেত্রে কেন্দ্র নতুন শর্ত বেঁধে দিয়েছে।
- ৫) রাজ্য সরকার, অভাবী বিক্রি রুখতে হিমঘরে আলু সংরক্ষণের সময়সীমা ৩১ ডিসেম্বর পর্যন্ত বাড়িয়েছে।
- ৬) সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেটে বাংলা বরোদাকে ৬ উইকেটে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশন, এসএসসি সুপ্রিম কোর্টের নির্দেশে ২০১৬-র টেনেড বা অযোগ্য প্রার্থীদের পূর্ণাঙ্গ নামের তালিকা প্রকাশ করেছে। এতে একহাজার ৮০৬ জনের নাম রয়েছে। এদের নাম, রোল নম্বর সহ বিস্তারিত তালিকা ওয়েবসাইটে প্রকাশ করেছে এসএসসি। তবে ওই প্রার্থীরা ২০১৬ সাল থেকে কোন কোন স্কুলে কোন বিভাগে পড়াচ্ছিলেন, এতে তার উল্লেখ নেই।

উল্লেখ্য, এর আগে রাজ্যের পেশ করা অযোগ্য প্রার্থীর তালিকার ভিত্তিতে শীর্ষ আদালত জানিয়েছিল, টেনেড বা অযোগ্য প্রার্থীরা কোনভাবেই পরবর্তী নিয়োগ পরীক্ষায় বসতে পারবেন না। কিন্তু ফল প্রকাশের পরেও তালিকায় অযোগ্য প্রার্থীর নাম থাকায় হাইকোর্টে মামলা দায়ের হয়। বিচারপতি অমৃতা সিনহা এস এস সি-কে অযোগ্য প্রার্থীদের বিস্তারিত বিবরণ সহ পূর্ণাঙ্গ তালিকা প্রকাশের নির্দেশ দেন। এই প্রেক্ষিতেই এই তালিকা প্রকাশ।

এদিকে, আদালতের নির্দেশ মেনেই পদক্ষেপ করা হবে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। সেই সঙ্গে বিধানসভা নির্বাচনের মুখে বিরোধীরা নিয়োগ প্রক্রিয়া ভেঙে দিতে চাইছে বলেও তাঁর অভিযোগ।

(বাইট – ব্রাত্য বসু)

বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারও অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস সরকার ক্ষমতায় আসার পর থেকে কোনো নিয়োগই হয়নি। যা দুর্নীতিমুক্তি ছিল।

(বাইট – সুকান্ত)

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগ, মুখ্যমন্ত্রীর নির্দেশেই বর্তমান শাসক দলের সমর্থনেই এসএসসি সুপ্রিম কোর্টের নির্দেশ লঙ্ঘন করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আগামী বিধানসভা নির্বাচনের জন্য বৈদ্যুতিন ভোটযন্ত্র ইভিএম ও ভিভিপ্যাটের ফাস্ট লেভেল চেকিং – প্রক্রিয়া এফ এল সি আজ শুরু হয়েছে। চলবে আগামী ১৫-ই জানুয়ারি পর্যন্ত। ৮ জেলার মোট ১০টি স্থানে এই চেকিং প্রক্রিয়া চলেছে। জেলাগুলি হলো, কোচবিহার, দার্জিলিং, কালিম্পং, মালদা, মূর্শিদাবাদ, পুরুলিয়া, নদীয়া ও দক্ষিণ ২৪ পরগনা। কমিশন নিযুক্ত পর্যবেক্ষক ও ইঞ্জিনিয়াররা সংশ্লিষ্ট স্থানে পৌঁছেছেন। সব রাজনৈতিক দলকে অবহিত করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। গ্রহণ করা হয়েছে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে আরও বেশি আর্থিক ক্ষমতা দেওয়া হয়েছে। অর্থ দফতরের জারি করা এক নির্দেশিকা অনুযায়ী, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এখন থেকে প্রশাসনিক ব্যয় এবং অভ্যন্তরীণ প্রকল্প সংক্রান্ত খরচ মঞ্জুর করার ক্ষেত্রে অতিরিক্ত মুখ্য সচিব ও দফতরের প্রধান সচিবের সমান ক্ষমতা পাবেন। এর ফলে নির্বাচনী দফতরের কাজকর্মে গতি বাড়বে এবং খরচ মঞ্জুরির জন্য অন্যান্য দপ্তরের মুখাপেক্ষী হয়ে থাকতে হবে না।

নির্দেশিকায় আরো জানানো হয়েছে, সিইও-র অফিসে আর্থিক ক্ষমতার পুনর্বিন্যাস নিয়ে দীর্ঘদিন ধরে যে আলোচনা চলছিল, তা এখন কার্যকর করা হল। ১৩ নভেম্বরের বিজ্ঞপ্তিতে রাজ্যপাল ইতিমধ্যেই এই সিদ্ধান্তে সম্মতি দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পুলিশে বড় ধরনের রদ বদল। স্বরাষ্ট্র দপ্তর থেকে আজ এক নির্দেশিকায় জানানো হয়েছে, দশজন পুলিশ সুপারকে পরিবর্তন করা হয়েছে।

এছাড়া ২১ জন আই পি এস এর দায়িত্ব বদল হয়েছে । ১৯ জন ডব্লিউ বি পি এস-এ নতুন দায়িত্ব পেয়েছেন।

পুরুলিয়ার নতুন পুলিশ সুপার হলেন বৈভব তিওয়ারি। তিনি এতোদিন বাঁকুড়ার পুলিশ সুপার ছিলেন। তাঁর জায়গায় এসেছেন, পূর্ব মেদিনীপুরের পুলিশ সুপার সৌম্যদীপ ভট্টাচার্য।

মালদার নতুন এস পি হয়েছেন, অভিজিত ব্যানার্জী। তিনি এতদিন পুরুলিয়া ছিলেন। মালদার বর্তমান পুলিশ সুপার প্রদীপ কুমার যাদবকে উত্তর দিনাজপুরের এসপি ট্রাফিক করা হয়েছে।

জলপাইগুড়ি নতুন পুলিশ সুপার ওয়াই রঘুবংশী। আলিপুরদুয়ারের নতুন পুলিশ সুপার হলেন খান্দাহলে উমেশ গানপতের, জায়গায় এসেছেন, উমেশ গণপত হলেন আলিপুরদুয়ারের নতুন পুলিশ সুপার।

ঝাড়খামের নতুন পুলিশ সুপার মানব সিংলা, এতোদিন বিধান নগর পুলিশ কমিশনারেটের নিউটাউনের ডিসি ছিলেন।

রায়গঞ্জ পুলিশ জেলার নতুন সুপার হয়েছেন সোনাওয়ানে কুলদীপ সুরেশ। তিনি ছিলেন বারুইপুর পুলিশ জেলার এসপি। তাঁর জায়গায় এসেছেন পূর্ব মেদিনীপুরের অতিরিক্ত পুলিশ সুপার (গ্রামীণ) শুভেন্দ্র কুমার।

এছাড়া ঝাড়খামের পুলিশ সুপার অরিজিৎ সিনহা-কে ডি আই জি মেদিনীপুর রেঞ্জ এবং পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপার ধৃতিমান সরকারকে এসএসআইবি পদের দায়িত্ব দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস ও পুলিশ প্রশাসন বিরোধীদের হেনস্থা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, নন্দীগ্রামে আজ এক সাংবাদিক বৈঠকে জানান,

নন্দীগ্রামে এক বিজেপি কর্মীকে তৃণমূল কংগ্রেসে যোগ দেওয়ার প্রলোভন দেখানো হয়, তিনি অস্বীকার করলে, ভিলেজ পুলিশে কর্মরত তার ছেলের কাজ বন্ধ করে

দেওয়া হয়েছে। পূর্ব মেদিনীপুরের জেলা পুলিশ সুপার আইপ্যাকের সঙ্গে মিলিতভাবে এই কাজ করেছেন বলেও তাঁর অভিযোগ।

(বাইট – শুভেন্দু)

ওই বিজেপি কর্মীর ছেলেও ইতিমধ্যে বিষয়টি আদালতের দ্বারস্থ হয়েছেন।

শ্রী অধিকারী আরও জানান চাকরি ফিরে না পাওয়া পর্যন্ত তিনি ছেলেটির যাবতীয় খরচ বহণ করবেন। শুভেন্দুবাবুর আরো অভিযোগ আইপ্যাক ও শাসক দলের স্থানীয় নেতাদের সুপারিশের ৯ জন সিভিক ভলান্টিয়ারকে নন্দীগ্রাম থেকে অন্যত্র বদলি করা হয়েছে। এদের নন্দীগ্রাম থানায় ফিরিয়ে না আনা হলে জেলা পুলিশ সুপারের দপ্তর ঘেরাও করা হবে বলে তিনি সতর্ক করে দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার কালিয়াচকে রাজনগর এলাকায় সালিশী সভাতেই এক তৃণমূল কংগ্রেস কর্মীকে খুন করার ঘটনায় উত্তেজনা ছড়ায়। আহত আরও ৬ তৃণমূল কর্মী। এদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ জানিয়েছে, গঙ্গার চরে ফসলি জমি দিয়ে গাড়ি নিয়ে যাওয়াকে কেন্দ্র করে গতকাল তৃণমূল কংগ্রেসের দুটি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ বাধে। তার প্রেক্ষিতে আজ সালিশী সভা বসলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। সেখানেই কুপিয়ে খুন করা হয় এক্রামূল শেখ নামে ওই তৃণমূল কংগ্রেস কর্মীকে। এলাকায় পরিস্থিতি এখনও থমথমে। বিশাল পুলিশ বাহিনী মোতায়েন রয়েছে। আটক করা হয়েছে ৭ জনকে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫ই ডিসেম্বর।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

জল জীবন মিশন প্রকল্পে অর্থ মঞ্জুরীর ক্ষেত্রে নতুন শর্ত বেঁধে দিয়েছে কেন্দ্র। রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি দফতর সূত্রে জানা গিয়েছে, কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক প্রকল্পভিত্তিক অর্থ দেওয়ার বিষয়ে রাজ্যকে সম্মতি জানালেও, তার আগে একাধিক শর্ত মানা বাধ্যতামূলক করা হয়েছে।

মন্ত্রকের নির্দেশ অনুযায়ী, জল জীবন মিশনের আওতায় প্রতিটি প্রকল্পের জন্য আলাদা আইডি নম্বর তৈরি করতে হবে। ওই স্কিম আইডি ছাড়া কোনওভাবেই কেন্দ্রীয় বরাদ্দ মিলবে না। পাশাপাশি প্রতিটি প্রকল্পে ‘ফিন্যান্সিয়াল রিকনসিলিয়েশন’— অর্থাৎ কেন্দ্রের অনুদান ও রাজ্যের ব্যয়ের হিসেব মিলিয়ে দেখা— বাধ্যতামূলক করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের দাবি, ব্যয়ের অঙ্কে কোনও অসামঞ্জস্য থাকলে অর্থ মঞ্জুরি স্থগিত থাকবে। হিসেব সঠিক থাকলে তবেই মিলবে নতুন বরাদ্দ।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচে থাকলেও আগামীকাল থেকে পারদ আবার উর্ধ্বমুখী হওয়ার সম্ভাবনা। সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের ২ থেকে ৩ ডিগ্রী সেলসিয়াস পর্যন্ত বেশি হতে পারে বলে আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট)

আলিপুর আজ সকালে সর্ব নিম্ন তাপমাত্রা ছিল ১৬ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা এক ডিগ্রী কম। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের প্রায় দেড় ডিগ্রী নীচে।

এদিকে, ইন্দোনেশিয়া উপকূলের কাছে মালাক্কা প্রণালিতে সৃষ্ট ঘূর্ণিঝড় সেনিয়ার শক্তি হারিয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এছাড়া শ্রীলঙ্কা উপকূলের কাছে তৈরি হয়েছে ডিটওয়া নামে আরও একটি ঘূর্ণিঝড়। তবে, এই দুটি ঘূর্ণিঝড়ের কোনটারই প্রত্যক্ষ প্রভাব এরাজ্যে পড়বে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামী এক সপ্তাহ রাজ্যে আবহাওয়া প্রধানত শুষ্কই থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, অভাবী বিক্রি রুখতে হিমঘরে আলু সংরক্ষণের সময়সীমা বাড়িয়েছে। কৃষি বিপণন দপ্তরের তরফে আগে ঘোষণা করা হয়েছিল, ৩০ নভেম্বর পর্যন্ত হিমঘরে আলু রাখতে পারবেন চাষিরা। তার মেয়াদ বাড়িয়ে ৩১ ডিসেম্বর করা হলো। চাষিদের এর ফলে অতিরিক্ত ভাড়া গুণতে হবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০

আগামী বছর গঙ্গাসাগর মেলা শুরুর অন্তত এক মাস আগে সম্পূর্ণ ড্রেজিং প্রক্রিয়া শেষ করতে হবে বলে মুখ্যসচিব মনোজ পন্থ স্পষ্ট নির্দেশ দিয়েছেন। তিনি আজ নবান্নে গঙ্গাসাগর মেলার প্রস্তুতি নিয়ে এক উচ্চপর্যায়ের বৈঠকে প্রশাসনকে

আরও দ্রুত গতিতে কাজ এগিয়ে নিয়ে যেতেও বলেছেন। এ বার মহা কুস্ত না থাকায় গঙ্গাসাগর মেলায় পুণ্যার্থীর সংখ্যা অনেকটাই বেশি হবে ধরে নিয়ে প্রস্তুতি সেরে রাখতে নির্দেশ দেন মুখ্যসচিব। বৈঠকে স্থির হয়েছে, পর্যাপ্ত পানীয় জল, বিদ্যুৎ পরিষেবা, থাকার অস্থায়ী জায়গা, নিরাপত্তা ও স্বাস্থ্য পরিষেবার ওপর বিশেষ জোর দেওয়া হবে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রতিবারের মতো এবারেও মেলার প্রাক-প্রস্তুতি খতিয়ে দেখতে যাবেন। তার আগে সব কাজ সম্পূর্ণ করতে বলেছেন মুখ্যসচিব।

বৈঠকে উপস্থিত ছিলেন দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসক, পঞ্চগয়েত দফতর, জনস্বাস্থ্য কারিগরি দফতর-সহ একাধিক গুরুত্বপূর্ণ দফতরের সচিবরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেটে বাংলা বরোদাকে ৬ উইকেটে হারিয়ে দিয়েছে। হায়দ্রাবাদের উল্লে আজ বরোদা প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৮ উইকেটে ১৮১ রান সংগ্রহ করে। ভানু পানিয়া ৫৩ রানে অপরাজিত থাকেন। ত্রুনাথ পাণ্ডে ৩৯, শিবালিক শর্মা ৩২ রান করেছেন।

বাংলার Saksham চৌধুরী ও হৃতিক চ্যাটার্জী দুটি করে উইকেট নিয়েছেন।

জবাবে বাংলা ১৭ ওভারে ১ বলে ৪ উইকেটে হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয়। অভিষেক পোয়েল ৫০, করন লাল ৪২ রান করেন। শাহবাজ আহমেদ ৩৮ রানে অপরাজিত থাকেন। বরোদার নিনাদ রাথভা দুই উইকেট নিয়েছেন।

অভিষেক পোডেল ম্যাচের সেরা হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

মহারাষ্ট্রের নাগপুরের লেডি অমৃত বাই দাগা কলেজ মাঠে, মহিলাদের অনূর্ধ্ব ২৩ এলিট টি টোয়েন্টি ট্রফি ক্রিকেট প্রতিযোগিতায় বাংলা, আজ হায়দ্রাবাদকে ২২ রানে হারিয়ে দিয়েছে।

বাংলা প্রথমে ব্যাট করে ১৯ ওভার ৫ বলে ১১৯ রানে অলআউট হয়ে যায়। পিয়ালি ঘোষ ৩০ ও সুজাতা দে ২৫ রান করেন। হায়দ্রাবাদের এম সান্ধী রাও ৪ টি ও কেশরী ধৃতি ৩ টি উইকেট নেন।

জবাবে হায়দ্রাবাদের ইনিংস ৯৭ রানে শেষ হয়ে যায়। জি তৃষা ৩৪ রান করেন। বাংলার রূপল তিওয়ারি ৩ টি, পিয়ালি ঘোষ ও সুস্মিতা গাঙ্গুলি ২ টি করে এবং তিতাস সাধু ও পায়েল ভাখারিয়া ১ টি করে উইকেট পান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০